

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং- ৭জি-৫৫০(ক-৩)/২০০৫/৪৪৩৪/৪

তারিখ: ২৬/১০/১৪২৬ বঙ্গাব্দ:  
১৬/১০/২০১৯ খ্রিস্টাব্দ


বিষয় : ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজবাড়ী জেলার ডাঃ আবুল হোসেন কলেজের অধ্যক্ষ জনাব এ.বিএম মঞ্জুরুল আলম ৬০ বছর পূর্ণ হওয়ার পরও অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করছেন মর্মে জনাব মোঃ হাবিবুর রহমান সরদার অভিযোগ করেন।

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১১.৬ মোতাবেক “বয়স ৬০ বছর পূর্ণ হওয়ার পর কোন প্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধান/সহপ্রধান/শিক্ষক-কর্মচারীকে কোন অবস্থাতেই পুনঃনিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগ দেওয়া যাবে না”। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ০১.০৮.২০১৮খ্রি. তারিখের ১৫২৫ নং পরিপত্রে স্পষ্ট উল্লেখ রয়েছে যে, উক্ত নীতিমালা কার্যকর হওয়ার তারিখ হতে যদি কোন পূর্বের নিয়োগ থাকে তা বাতিল বলে গন্য হবে।

এমতাবস্থায়, জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১১.৬ ধারার নিষেধাজ্ঞা লংঘন করে বয়স ৬০ বছর পূর্ণ হবার পর পুনঃনিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগের অভিযোগ প্রমাণিত হলে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮.১(ক), (খ) ও (চ) অনুচ্ছেদ অনুযায়ী সরকারের নির্দেশনা প্রতিপালন না করার দায়ে প্রতিষ্ঠানের বেতন-ভাতার সরকারি অংশ স্থগিতকরণসহ প্রতিষ্ঠানের গভর্নিং বডি'র বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে। বিষয়টি সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অবহিত করা হলো।

অধ্যক্ষ  
ডাঃ আবুল হোসেন কলেজ  
রাজবাড়ী।

  
১৩.১০.১৭  
(মো. আবদুল কাদের)  
সহকারী পরিচালক (ক-৩)  
ফোন নং-৯৫৫৬০৫৭

অনুলিপি:

- ১। সভাপতি, ডাঃ আবুল হোসেন কলেজ, রাজবাড়ী।
- ২। জেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী।
- ৩। ব্যবস্থাপক, অগ্রগি ব্যাংক লিঃ, রাজবাড়ী শাখা, রাজবাড়ী (জনাব এ.বিএম মঞ্জুরুল আলম এর স্বাক্ষরে বেতন-ভাতা প্রদান না করার অনুরোধসহ)।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, রাজবাড়ী।